**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.১১.০৯৯.২৪.(অংশ).১০০১ তারিখ: ০৩ পৌষ ১৪৩১ / ১৮ ডিসেম্বর ২০২৪

**বিষয়: ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন সার্ভেয়ারের ২৩৮-টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত পুন:সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে চাকুরি প্রার্থীদের আবেদনপত্র অনলাইনে গ্রহণের লিংক পুনরায় উন্মুক্তকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন রাজস্ব খাতভুক্ত ব্যবস্থাপনা বিভাগের সার্ভেয়ারের ২৩৮-টি পদে (১৪ গ্রেডভুক্ত) শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত অত্রসাথ সংযুক্ত পুন:সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে আগামী ২৪/১২/২০২৪ খ্রি: তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে অনলাইনে সার্ভেয়ার পদে (০১ টি ক্যাটাগরি) চাকুরি প্রার্থীদের আবেদনপত্র গ্রহণের নিমিত্ত ওয়েব লিংক (http://www.minland.teletalk.com.bd) উন্মুক্ত করনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। ভূমি মন্ত্রণালয়ের গত ১৮ এপ্রিল ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৪৬..১১.০৯৯.২৪ (অংশ)-৪০০ নম্বর স্মারক এবং ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০৯৯.২৪ (অংশ)-৭৬৬ নম্বর স্মারক অনুযায়ী ইতোমধ্যে যে সকল প্রার্থী আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার সুযোগ ব্লক/বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১। বর্ণনামতে সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি-০৪ পাতা।
০২। পূর্ববর্তী নিয়োগ বিজ্ঞপ্তির-০৪ পাতা।

১৮/১২/২০২৪
(হেমন্ত হেনরী কুবি)
উপসচিব
মুটোফোন: ০১৭১২-১১২৬২৯
ই-মেইল: fa1@minland.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক
টেলিটক বাংলাদেশ লিমিটেড
রাজউক কর্মাশিয়াল কমপ্লেক্স
হোল্ডিং# ৩/এ, ৫/এ, ৭/এ
রোড# ১৭, গুলশান-১, ঢাকা-১২১২।
(দৃ:আ:- জনাব ফারজানা আক্তার, উপ-ব্যবস্থাপক, ডিজিটাল সার্ভিসেস, টেলিটক বাংলাদেশ লিমিটেড)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-
০১। অতিরিক্ত সচিব, মাঠ প্রশাসন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়।
০২। উপদেষ্টার একান্ত সচিব (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (পুন:সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি-টি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
০৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। অফিস/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(মাঠ প্রশাসন-১)
বাংলাদেশ সচিবালয়
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.১১.০৯৯.২৪ (অংশ) - ১০০২

তারিখ: ০৩ পৌষ ১৪৩১ / ১৮ ডিসেম্বর ২০২৪

# "পুন:সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি"

ভূমি মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত ব্যবস্থাপনা বিভাগের নিয়োগযোগ্য শূন্য পদের বিপরীতে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ১৪তম গ্রেডভুক্ত নিম্নোক্ত স্থায়ী পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের মধ্যে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের (পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা) নিকট হতে শর্ত সাপেক্ষে অনলাইনে (**http://minland.teletalk.com.bd** ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** |
| সার্ভেয়ার<br>গ্রেড-১৪<br>বেতনস্কেল<br>১০২০০-২৪৬৮০/- | **২৩৮** | কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ডের অধীন সার্ভে ইনস্টিটিউট হইতে ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) পরীক্ষায় উত্তীর্ণ | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। ১৮ এপ্রিল, ২০২৪ তারিখে জারিকৃত ইস্যু ৩১.০০.০০০০.০৪৬.১১.০৯৯.২৪ (অংশ)-৪০০ নম্বর এবং ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখে জারিকৃত ইস্যু ৩১.০০.০০০০.০৪৬.১১.০৯৯.২৪ (অংশ)-৭৬৬ নম্বর বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোমধ্যে যারা এই পদে আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। সকল (সাধারণ/ মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী) প্রার্থীদের ক্ষেত্রেই **০১ মে ২০২৪** তারিখ পর্যন্ত বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

০২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের (১) নম্বর কলামের শূন্য পদ পূরণে **"ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১"**অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/ আদেশ/ নিয়মাবলি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৪। প্রার্থী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র-নৃগোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৫। সরকারের সর্বশেষ জারিকৃত নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

০৬। বর্ণিত পদে নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুসারে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

০৭। আবেদন আগামী **২৪/১২/২০২৪** তারিখ সকাল ১০.০০ টা হতে ২৩/**০১/২০২৫** তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে।

০৮। প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং **"ক"** হতে **"ছ"** পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ছায়ালিপি দাখিল করেতে হবে:

(ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র;
(খ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ;
(ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;

(ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জন্মনিবন্ধন সনদ;

(চ) জাতীয় পরিচয়পত্র;

(ছ) মুক্তিযোদ্ধা,শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতবেক উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিংগ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ

০৯। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্রাদি প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোন সময় বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১১। যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কোন প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো প্রকার ভাতা (টিএ/ ডিএ) প্রদান করা হবে না।

১৩। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে ভূমি মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটের www.minland.gov.bd মাধ্যমে জানানো হবে এবং প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৫। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৬। অনলাইনে-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইনে আবেদন ফরমে এবং পরবর্তীতে সেভাবে লিখতে হবে।

১৮। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

***বিস্তারিত তথ্য ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.minland.gov.bd) পাওয়া যাবে।** বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও **http://minland.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি / অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী পাওয়া যাবে।

***শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

ভূমি মন্ত্রণালয়ের এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

ভূমি মন্ত্রণালয়ের এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

২৮/১২/২০১৮
উপসচিব
(মাঠ প্রশাসন-১)
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
ভূমি মন্ত্রণালয়।

১৯। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি/শর্তাবলি:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://www.minland.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় **২৪/১২/২০২৪** সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় **২৩/০১/২০২৫** বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম ধাপ-**

SMS: MINLAND <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: MINLAND ABCDEF & Send to 16222.
Reply: Applicant's Name, Tk. 223 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MINLAND <space> Yes <space> PIN and send to 16222.

**দ্বিতীয় ধাপ-**

SMS: MINLAND <space> YES <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: MINLAND YES 12345678

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for MINLAND Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://www.minland.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/ মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:
MINLAND <space> Help <space> User <space> User ID & Send to 16222.
Example: MINLAND Help User ABCDEF

(ii) PIN Number **জানা থাকলে:**
MINLAND <space> Help <space> PIN <space> PIN Number & Send to 16222.
Example: MINLAND Help PIN 12345678.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.minland.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.minland.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: MINLAND, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২০। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২৮/১১/২০২৪
(হেমন্ত হেনরী কুবি)
উপসচিব
ফোন: ০২ ২৩৩ ৫২০
ই-মেইল: fa1@minland.gov.bd
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
ভূমি মন্ত্রণালয়।